

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭০২

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّفَائِقِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য আবশ্যিক হলো কল্যাণ ও কল্যাণপ্রাপ্ত ব্যক্তিদের শুভ পরিণামের কথা মনকে স্মরণ করে দিয়ে নশ্বর দুনিয়ার প্রয়োজনাতিরিক্ত সহায়-সম্পদ না পাওয়ার ব্যাপারে নিজের মনকে সন্তুষ্ট রাখা

ذِكْرُ الْبَيَانِ أَنَّ الْمَرْءَ يَجِبُ عَلَيْهِ أَنْ يُقْنَعَ نَفْسَهُ عَنْ فُضُولِ هَذِهِ الدُّنْيَا الْفَانِيَةِ الزَّائِلَةِ  
بِتَذَكُّرِهَا عَاقِبَةَ الْخَيْرِ وَأَهْلِهِ

আরবী

702 - أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سَفْيَانَ حَدَّثَنَا حَرَمَلَةُ بْنُ يَحْيَى حَدَّثَنَا ابْنُ وَهْبٍ أَخْبَرَنِي  
الْمَاضِي بْنُ مُحَمَّدٍ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ قَالَتْ: كَانَ لِرَسُولِ اللَّهِ  
صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سَرِيرٌ مُشَبَّكٌ بِالْبَرْدِيِّ عَلَيْهِ كِسَاءٌ أَسْوَدٌ قَدْ حَشُونَاهُ بِالْبَرْدِيِّ  
فَدَخَلَ أَبُو بَكْرٍ وَعُمَرُ عَلَيْهِ فَإِذَا النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَائِمٌ عَلَيْهِ فَلَمَّا رَأَاهُمَا اسْتَوَى  
جَالِسًا فَنَظَرَا فَإِذَا أَثَرُ السَّرِيرِ فِي جَنْبِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ أَبُو بَكْرٍ  
وَعُمَرُ - وَبَكْيَا - : يَا رَسُولَ اللَّهِ مَا يُؤْذِيكَ خُشُونَةُ مَا نَرَى مِنْ سَرِيرِكَ وَفِرَاشِكَ وَهَذَا  
كِسْرَى وَقَيْصَرٌ عَلَى فُرْشِ الْحَرِيرِ وَالْدِّيْبَاجِ؟ فَقَالَ: (لَا تَقُولَا هَذَا فَإِنَّ فِرَاشَ كِسْرَى  
وَقَيْصَرَ فِي النَّارِ وَإِنَّ فِرَاشِي وَسَرِيرِي هَذَا عَاقِبَتُهُ إِلَى الْجَنَّةِ)

الراوي : عَائِشَةُ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 702 | خلاصة حكم المحدث: ضعيف.

বাংলা

৭০২. আয়িশা রাদিয়াল্লাহু তা‘আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের (প্যাপিরাস জাতীয়) এক ধরনের উদ্ভিদের ডাল-পাতা দিয়ে তৈরি একটি পালঙ্ক ছিল, তার উপর কালো চাদর ছিল। আমরা তার ভিতর (প্যাপিরাস জাতীয়) এক ধরনের উদ্ভিদের ডাল-পাতা ঢুকিয়ে দিয়েছিলাম। একবার আবু বকর ও উমার রাদিয়াল্লাহু তা‘আলা আনহুমা বাড়িতে প্রবেশ করে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে ঐ পালঙ্কের উপর শোয়া অবস্থায় দেখতে পান। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁদেরকে দেখতে পেয়ে

সোজা হয়ে বসেন। তাঁরা তাঁর পার্শ্বদেশে পালঙ্কের দাগ দেখতে পান। অতঃপর আবু বকর ও উমার রাদিয়াল্লাহু তা'আলা আনহুমা কেঁদে কেঁদে বললেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমরা আপনার যে শক্ত পালঙ্ক ও বিছানা দেখতে পাচ্ছি, এটি কি আপনাকে কষ্ট দেয় না অথচ এই যে রোম ও পারস্য সম্রাটগণ তারা মসৃণ-নরম রেশমের বিছানায় থাকে?” জবাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “আপনারা এমন কথা বলবেন না। কেননা রোম ও পারস্য সম্রাটদের বিছানা হবে জাহান্নামে আর আমার এই খাট ও বিছানার পরিণতি হবে জান্নাতে।”[1]

## ফুটনোট

[1] সহীহ ইবনু হিব্বান: ৭০২।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটির ব্যাপারে স্পষ্ট কোন মন্তব্য করেননি, তবে হাদীসটির ব্যাপারে ইমামদের মতামত যেভাবে উল্লেখ করেছেন, সে মতে হাদীসটি তাঁর নিকট দুর্বল হিসেবেই অনুমিত হয়। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে য'ঈফ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ৪/১১৪।)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89204>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন